গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

সমন্বয় ও সংসদ অধিশাখা

বিষয়ঃ ডিসেম্বর-২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কায়কোবাদ হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৭.১২.২০১৭ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে দেখানো হলো। |

সভাপতি উপস্হিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নভেম্বর-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণের প্রস্তাব উপস্হাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সকলেই একমত পোষণ করেন। অতঃপর নভেম্বর-২০১৭ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<u>খাদ্য মন্ত্রণালয়</u>

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ | যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভায় জানান যে, ৩য় ও ৪র্থ শ্রণির মোট শূন্য পদের সংখ্যা ২৮টি। জনবল নিয়োগে ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকায় প্রচার করা হয়েছে। ৩৩,৮২৪টি আবেদন পাওয়া গেছে। ৩৩,৮২৪ জন প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়ে আইবিএ এর সাথে পত্র যোগাযোগ চলছে। যুগ্ম-সচিব (প্রশাঃ-১) আরও জানান যে, পরীক্ষা সম্পন্ন করতে অতিরিক্ত অর্থের প্রয়োজন। এ বিষয়ে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখার জন্য সচিব নির্দেশনা প্রদান করেন। | জনবল নিয়োগ ের জন্য অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ২. ইন হাউজ প্রশিক্ষণ | সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন- হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। ই-ফাইল বিষয়ে বিশেষ প্রশিক্ষণসহ নভেম্বর-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে মোট ২৯০ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্ট া বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. শাখা পরিদর্শন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, নভেম্বর-২০১৭ মাসে কোন শাখা/ অধিশাখা হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় বলেন যে, ইতোমধ্যে দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে যে সকল সুপারিশ রাখা হয়েছে। তা গুরুত্ব সহকারে নথিতে উপস্থাপনপূর্বক সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে সচিব একমত পোষণ করেন। | নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৪. ই-ফাইলিং | সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫৬টি মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে বর্তমানে এ মন্ত্রণালয়ের অবস্থান ২০তম থেকে ৩২তম নেমে এসেছে। ই-ফাইল পদ্ধতিতে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ের সকল প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাগণকে অধিকতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন এবং যে ৫টি নির্দেশক দ্বারা ইফাইলিং এর অবস্থা নির্ণয় করা হয় সে নির্দেশকগুলো যথাযথভাবে অনুসরণের জন্য সচিব নির্দেশনা প্রদান করেন। | ই-ফাইল ব্যবহার নিশ্চিতকরণের জন্য ৫টি নির্দেশকের ব্যবহার নিশ্চিত করাসহ মন্ত্রণালয়ের সকল প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাকে অধিকতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে | যুগ্ম-সচিব (প্রশাঃ-১) এবং প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। |

<table>
<tr>
<td>৫.<br>অডিট আপত্তি নিষ্পত্তি</td>
<td>যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, নভেম্বর মাসে উপ-সচিব (অডিট-৩) ১টি ত্রিপক্ষীয় সভা করেছেন। যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) এবং উপ-সচিব (বাজেট ও হিসাব) কোন সভা করেননি।</td>
<td>সভা অনুষ্ঠানসহ অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে।</td>
<td>যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), যুগ্ম-সচিব (প্রশাঃ-১), যুগ্ম-সচিব (অডিট), উপ-সচিব (অডিট-১ ২ ৩), খাদ্য মন্ত্রণালয় ও মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৬.<br>পরিস্কার পরিচ্ছন্নতা</td>
<td>যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভাকে অবহিত করেন যে, নভেম্বর-২০১৭ মাসে এ মন্ত্রণালয়ের ওয়াশরুমসহ কমোন স্পেসসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে উপ-সচিব (সেবা) এর নিকট হতে কোন তথ্য পাওয়া যায়নি। সচিব এ বিষয়ে উপ-সচিব (সেবা) কে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করেন।</td>
<td>ওয়াশরুমসহ কমোন স্পেসসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপ-সচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়।</td>
</tr>
<tr>
<td>৭.<br>অভিযোগ ব্যবস্থাপনা</td>
<td>যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের অভিযোগের সংখ্যা আলাদা দেখানোর জন্য খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হলে সে অনুযায়ী খাদ্য অধিদপ্তর হতে আলাদাভাবে অভিযোগের বিষয়ে নিম্নলিখিত তথ্য পাওয়া যায়ঃ
<table>
<tr><th>জের</th><th>বর্তমান মাসে প্রাপ্ত</th><th>মোট অভিযোগ</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>অনিষ্পন্ন সংখ্যা</th><th>তিন মাসের উপরে</th><th>ছয় মাসের উপরে</th><th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগ ের সংখ্যা</th></tr>
<tr><td colspan="8">খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td>০৫</td><td>০</td><td>০৫</td><td>০১</td><td>০৪</td><td>০</td><td>০১</td><td>০৩</td></tr>
<tr><td colspan="8">খাদ্য অধিদপ্তর</td></tr>
<tr><td>০৬</td><td>০</td><td>০৬</td><td>০</td><td>০৬</td><td>০২</td><td>০২</td><td>০২</td></tr>
</table>
</td>
<td>৬ মাসের উর্দ্ধে অভিযোগসমূহের দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ০৬ মাসের উর্দ্ধে যে সকল অভিযোগ মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরে রয়েছে সে গুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৮. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, প্রণীত কর্মপরিকল্পনা চূড়ান্ত করে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচিব নির্দেশ প্রদান করেন।সভায় শুদ্ধাচারের একটি অংশ হিসেবে সচিব রংপুর বিভাগের বিভাগীয় কমিশনারের কার্যালয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক রংপুর এর সাথে ভিডিও কনফারেন্স করেন। | কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ৯. APA ২০১৭-২০১৮ বাস্তবায়ন | সভায় জানানো হয়ে যে, ২০১৭-২০১৮ সালের জন্য স্বাক্ষরিত APA এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। APA মূল্যায়ন সভা গত ২১.১২.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br><br>মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ করে আইসিটি সেলকে অবহিত করতে হবে মর্মে যুগ্ম-সচিব (প্রঃ-১) সভাকে অবহিত করেন। এ বিষয়ে নথি বিনষ্টকরণের পূর্বে সকল শাখার নথিসমূহ শ্রেণিবিন্যাস করার পর নিষ্পত্তিকরণের উদ্যোগ নেয়ার জন্য সচিব নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের সকল শাখার নথিসমূহ শ্রেণিবিন্যাস করার পর নিষ্পত্তিকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে | মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা ও যুগ্ম-সচিব (প্রশাঃ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ১০. **আইন ভাষান্তর** | যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভাকে অবহিত করেন যে, আইন ২টি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ২২.১১.২০১৭ তারিখে আইন মন্ত্রণালয় হতে কতিপয় পর্যবেক্ষণ দিয়ে নথি ফেরত প্রদান করে। অতঃপর ০৫.১২.২০১৭ খ্রি. তারিখে খাদ্য অধিদপ্তরের নিকট এ বিষয়ে মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | আইন ২টির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ১১. ইনোভেশন কার্যক্রম | যুগ্ম-সচিব (প্রশাসন-১) সভায় জানান যে, উদ্ভাবনী বিষয়ে ৫ দিনের কর্মশালা খাদ্য অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগে গত ৩-৭ ডিসেম্বর-২০১৭ মাসে অনুষ্ঠিত হয়েছে। উদ্ভাবন বিষয়ে রিভিউ ওয়ার্কশপ প্রক্রিয়াধীন রয়েছে। | এ বিষয়ে পরবর্তী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-১ | খাদ্য মন্ত্রণালয়ের কর্মবন্টন পুনর্বিন্যাসের জন্য গঠিত কমিটির আহবায়ক যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, ২৭.১২.২০১৭ খ্রি. তারিখ বিকাল ৩ টায় কমিটির শেষ সভা অনুষ্ঠিত হবে এবং প্রতিবেদন চূড়ান্ত করে মন্ত্রণালয়ে জমা দেয়া হবে। | কমিটি দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১) ও যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-২ | মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণের জন্য সচিব সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ত্রৈমাসিক প্রতিবেদন, মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, জাতীয় সংসদের প্রশ্নোত্তর এবং স্থায়ী কমিটির সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন। বিশেষতঃ মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ১৫ তারিখের প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | সকল প্রতিবেদন যথা-সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ১৫ তারিখের প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মহাপরিচালক, এফপিএমউই এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা |
| | <u>খাদ্য অধিদপ্তর</u> | | |
| ১.অভ্যন্তরীণখাদ্যশস্য সংগ্রহ | **বোরো সংগ্রহ-২০১৭**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। মোট ০৮ লাখ মেট্রিক টন চালের বিপরীতে ৩৩৪,৪৮৯ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। ডিসেম্বর-২০১৭ মাসে আমন সংগ্রহ কার্যক্রমের তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সচিব নির্দেশনা প্রদান করেন। | আগামী সভায় আমন সংগ্রহের তথ্য উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ২. খাদ্য শস্য বিতরণ ও বাজার দর মনিটরিং | **(ক) ওএমএস খাতে চাল ও আটা বিক্রয়**<br><br>সভায় জানানো হয় যে, ঢাকা মহানগরসহ ঢাকা,নারায়নগঞ্জ,নরসিংদী ও গাজীপুর জেলায় মোট ২৫১টি কেন্দ্রে প্রতিদিন ২ (দুই) মেট্রিক টন করে আটা বিক্রয় করা হচ্ছে। এছাড়া হাওড় বেষ্টিত ৩টি জেলায় ১৭৯টি কেন্দ্রে প্রতিদিন প্রতি কেন্দ্রে ১ মেট্রিক টন করে চাল বিক্রয় করা হচ্ছে। ওএমএস কর্মসূচীর আওতায় ২০১৭-২০১৮ অর্থ-বছরে (২৮.১২.২০১৭ পর্যন্ত) বিক্রিত চালের পরিমাণ ১,১০,১৯৪ মেট্রিক টন।ওএমএস খাতে বরাদ্দকৃত ৫৯,৯৪৮ মেট্রিক টন গমের বিপরীতে ৪৫,৬২২ মেট্রিক টন আটা বিক্রয় করা হচ্ছে। ওএমএস সহ পিএফডিএস খাতে ২৮.১২.২০১৭ তারিখ পর্যন্ত ৫,২৩,৭৯৬ মে.টন চাল ও ১,৩৫,৪৪৭ মে.টন গম বিতরণ করা হয়েছে। যথাযথ নজরদারি রেখে ওএমএস এবং পিএফডিএস খাতে চাল/ আটা বিক্রয়/ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে সচিব নির্দেশনা প্রদান করেন। | যথাযথ নজরদারি রেখে ওএমএস এবং পিএফডিএস খাতে চাল/ আটা বিক্রয়/ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (সববি), খাদ্য অধিদপ্তর |
| | **( খ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br><br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে ঢাকা মহানগরের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৩৯-৪১ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪৩-৪৫ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৮-৩০ টাকা। | ঢাকা মহানগরের বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে। | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |
| | বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর অনুযায়ী খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ গড় বাজার দর খুচরা প্রতিকেজি চাল ৩৯.৩২ টাকা এবং আটা ২৬.৪৭ টাকা। | খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্হাপন অব্যাহত রাখতে হবে | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ | সভায় পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর জানান যে, ২০১৫-২০১৬ সন থেকে শুরু করে ৬২ কাজের মধ্যে ৬০টির কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ২টি কাজের সার্বিক অগ্রগতি ৮৫.৫০%। মেরামতের অধীন ১২২টি গুদামের মধ্যে ১২০টি গুদাম মেরামত সম্পন্ন হয়েছে। মেরামতকৃত গুদামের ধারণক্ষমতা ৭৮,০০০ মেট্রিক টন (মেরামতের অধীন-৮০,৫০০ মে.ট.)। সচিব অবশিষ্ট কাজ দ্রুত সম্পাদনের জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। | মেরামতের আওতাধীন অবশিষ্ট গুদামের মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |
| | **অন্যান্য নতুন নির্মাণ**<br>২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ১১টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। অসমাপ্ত ৩টি। সভায় আলোচনা হয় যে, অর্থ বছরের মধ্যে নতুন নির্মাণ কাজ শেষ না হওয়ায় বাজেট প্রভিশন অনুযায়ী বরাদ্দ সাপেক্ষে অবশিষ্ট কাজ ২০১৭-২০১৮ সালে সম্পন্ন করা যাবে। | অবশিষ্ট ৩টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |
| ৪. মামলা সম্পর্কিত | সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থাপনা হতে নিয়মিতভাবে মামলার তথ্য আপডেট করা হচ্ছে। বর্তমানে চলমান মামলার সংখ্যা ১২৯৬টি। হাইকোর্টে চলমান মামলা কার্যতালিকা অনুযায়ী এ.এ.জি./ডি.এ.জি.গণের মাধ্যমে মামলার প্রতিদ্বন্দিতা করা হচ্ছে। বিষয়টিতে ফলোআপ করার জন্য সচিব সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ১২টি কনটেম্পট মামলা চালু আছে। এ বিষয়ে যথাযথভাবে অগ্রিম পদক্ষেপ নিতে হবে যাতে সচিব কোন কনটেম্পট মামলার মুখোমুখী না হতে হয়। | মামলার তথ্য নিয়মিত হালনাগাদসহ মামলার প্রতিদ্বন্দিতার বিষয়ে ফলোআপ করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর। |
| | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** | | |

| | | | |
|---|---|---|---|
| ১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস' যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে আগামি ২ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে কেন্দ্রীয় পর্যায়ে ও দেশব্যপি জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদযাপনের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ<br><br>আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস' উদযাপন অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;<br>আগামী ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে জাতীয় নিরাপদ খাদ্য দিবস উদ্যাপন উপলক্ষ্যে সকাল ৯:০০ টায় র‍্যালীর আয়োজন করা হবে (মানিক মিঞা এভিনিউ এর পশ্চিম অংশ থেকে র‍্যালী শুরু হয়ে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে শেষ হবে)। 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস' উদযাপন উপলক্ষ্যে 'নিরাপদ খাদ্যে ভরবো দেশ গড়বো সোনার বাংলাদেশ' প্রতিপাদ্যটি খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রমে সচিব সন্তোষ প্রকাশ করেন এবং দিবসটি উদ্‌যাপনের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করার সচিব নির্দেশনা প্রদান করেন। | নিরাপদ খাদ্য দিবস সফলভাবে সম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয়। |
| ২. পেন্ডিং বিষয় | সভায় আলোচনা হয় যে, খাদ্য অধিদপ্তর হতে পেন্ডিং তালিকা পাওয়া গেছে। এছাড়া অন্য কোন শাখা/ অধিশাখা পেন্ডিং তালিকা পাওয়া যায়নি। তবে, খাদ্য অধিদপ্তর হতে প্রাপ্ত পেন্ডিং তালিকা বিশ্লেষণ করে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, যে সকল বিষয় জনপ্রশাসন এবং অর্থ বিভাগের নিকট পেন্ডিং রয়েছে সে গুলো এ মন্ত্রণালয়ের পেন্ডিং তালিকায় দেখানোর সযোগ নেই। এ বিষয়ে ভবিষ্যতে আরও তথ্য সহকারে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য বলেন। এ বিষয়ে সচিব একমত পোষণ করেন। | ভবিষ্যতে যথাযথভাবে তথ্য সহকারে পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| | | | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কায়কোবাদ হোসেন
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২৪.০৬.০০৫.১৭.৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৪
২৮ ডিসেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
৪) মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়
৫) যুগ্ম সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৬) উপ সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
৮) সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান/ বাজেট অফিসার/ হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়
৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়
১০) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, কার্যবিবরণী ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১১) সহকারী প্রকৌশলী, খাদ্য মন্ত্রণালয়

শিরীনা দেলহুর
যুগ্ম সচিব